দৈনিক ইত্তেফাক

তারিখ 03 APR 1987
পৃষ্ঠা 1 কলাম 5

CIS

# 'সরকার পরীক্ষা কেন্দ্রকে কোন অবস্থায়ই নকলের কেন্দ্র হইতে দিবেন না'

বাসস জানায়, শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান গতকাল (বৃহস্পতিবার) বলিয়াছেন যে, সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কতিপয় উশৃংখল পরীক্ষার্থীর যাহারা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের চেষ্টা করিতেছে, নিকট নতি স্বীকার বা তাহাদের সঙ্গে কোন আপোষ করিবেন

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষা কেন্দ্রকে

(১ম পৃঃ পর)

না। মন্ত্রী বলেন যে, সরকার কোন অবস্থায়ই পরীক্ষা কেন্দ্রসমূহকে নকলের কেন্দ্র হইতে দিবেন না।

শিক্ষামন্ত্রী বলেন যে, "পরীক্ষায় অসদুপায় অবলম্বনের সুবিধা প্রদান এবং অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের উত্তীর্ণ বলিয়া ঘোষণা করার দাবী করা চলিবে না। এ ধরনের দাবী কোন পরীক্ষা ছাড়াই কার্যতঃ অবাধ সাধারণ লাইসেন্স স্কীমের অধীনে সার্টিফিকেট ইস্যু করার জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানানোর শামিল। শিক্ষামন্ত্রী বলেন যে, বিপুল সংখ্যাগরিষ্ঠ সংখ্যক ছাত্র, শিক্ষক এবং অভিভাবক এই ধরনের দাবী ও প্রবণতার বিরোধী এবং সরকার ইহাদের স্বার্থ সংরক্ষণে বদ্ধপরিকর। জনাব মাহবুব সতর্ক করিয়া দেন যে, যেসব পরীক্ষা কেন্দ্রের পরিবেশ হিংসাত্মক তৎপরতা ও আইন-শৃংখলাহীনতায় কলুসিত হইয়াছে সেইসব পরীক্ষা কেন্দ্র আর বহাল রাখা হইবে না এবং প্রয়োজনে পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হ্রাস করা হইবে।